

বিষয়: কোভিড-১৯ এর কারণে পিআরএলগামী কর্মকর্তা/ কর্মচারীদের অধিদপ্তরে ইমেইলে আবেদন পৌছানো সংক্রান্ত নির্দেশনা ও সংযোজনীসমূহ ওয়েব সাইট থেকে প্রত্যাহার এবং অধিদপ্তরে পূর্বের ন্যায় গ্রহণ ও বিতরণ শাখায় আবেদন ও অত্যাবশ্যকীয় কাগজপত্র জমাদান এবং নতুন ফরম্যাটের নমুনা আবেদন অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: সূত্র : ০১) ডিওটি'র স্মারক নং-১৪.৩০.০০০০.৩৩৬.৩১.০০১.২০.৮৪, তারিখ-১৪-০৫-২০২০ খ্রিঃ।  
০২) ডিওটি'র স্মারক নং-১৪.৩০.০০০০.৩৩৬.৩১.০০১.২০.১১৬, তারিখ-১১-০৫-২০২০ খ্রিঃ।  
০৩) ডিওটি'র স্মারক নং-১৪.৩০.০০০০.৩৩৬.৩১.০০১.২০.১১৬, তারিখ-২৩-০৫-২০২০ খ্রিঃ।  
০৪) ডিওটি'র স্মারক নং-১৪.৩০.০০০০.৩৩৬.৩১.০০১.২০.১১৬, তারিখ-২৪-০৫-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থিত স্মারকের প্রেক্ষিতে দেশব্যাপী কোভিড-১৯ এর কারণে লকডাউন এবং ঘোষিত সরকারি সাধারণ ছুটি চলাকালীন সময়ে টেলিযোগাযোগ অধিদপ্তরের পিআরএলগামী কর্মকর্তা/ কর্মচারীগণকে সরাসরি অধিদপ্তরে না এসে ইমেইলের মাধ্যমে যোগদানপত্র, পিআরএল মঞ্জুরীর আবেদন ও প্রদেয় বাধ্যতামূলক কাগজপত্রাদি জমা করা সংক্রান্ত নির্দেশনা ও ১৪ টি সংযোজনী অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়।

বর্তমানে অধিদপ্তরের গ্রহণ ও বিতরণ শাখাসহ সংশ্লিষ্ট শাখাসমূহের দাপ্তরিক কার্যক্রম চালু থাকায় ইমেইলের পরিবর্তে পূর্বের ন্যায় সংশ্লিষ্ট পিআরএলগামী কর্মকর্তা/ কর্মচারীদের অধিদপ্তরের গ্রহণ ও বিতরণ শাখায় অধিদপ্তরে যোগদান, পিআরএল, লাম্পগ্র্যান্ড সহ সকল প্রকার আবেদন নির্ধারিত সময়ের পূর্বে জমাদান নিশ্চিত করা আবশ্যিক।

এমতাবস্থায়, অধিদপ্তরের ওয়েব সাইট থেকে কোভিড-১৯ এর কারণে ইমেইলে সকল প্রকার আবেদন প্রেরণ সংক্রান্ত সকল ডকুমেন্ট ও সংযোজনীসমূহ প্রত্যাহার এবং বর্তমান নির্দেশনা ও সংযোজনীসমূহ (সংযোজনী-০১ থেকে সংযোজনী-১০) নোটিশ পেইজ/ সংশ্লিষ্ট লিংকসমূহে আপলোডের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১

১৭-৭-২০২০

উপপরিচালক  
আইসিটি বাস্তবায়ন অধিশাখা  
টেলিযোগাযোগ অধিদপ্তর

সঞ্জিব কুমার ঘটক  
পরিচালক

ইউ. ও. নোট নম্বর:

১৪.৩০.০০০০.৩৩৬.৩১.০০১.২০.৩৬৪

তারিখ: ২ শ্রাবণ ১৪২৭

১৭ জুলাই ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)

- ২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, কারিগরি, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৪) অতিরিক্ত মহাপরিচালক, রেগুলেটরি, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৫) পরিচালক, আইসিটি, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৬) পরিচালক, অর্থ অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৭) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সহকারী পরিচালক, হিসাব শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৯) সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন-১ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ১০) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ১১) সহকারী পরিচালক, লাইব্রেরি শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ১২) সহকারী পরিচালক, আইসিটি বাস্তবায়ন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ১৩) সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অন্যান্য সংস্থা-১ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ১৪) গ্রহণ ও বিতরণ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর।



১৭-৭-২০২০

আহাম্মদ উল্লাহ

উপপরিচালক